

স্মারক নং ৩৩.০১.৮৫০৩.০০০.৫০.০০১.২৫.৫৫৩

তারিখঃ ১৮/১০/২০২৫খ্রিঃ

“ জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫ ” উপলক্ষে প্রাণিসম্পদ পদক প্রদানের জন্য মনোনয়ন প্রস্তাব আহবান সংক্রান্ত

গণ বিজ্ঞপ্তি


সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে প্রাণিসম্পদ খাতের গুরুত্ব তুলে ধরা, খাত সংশ্লিষ্ট অংশীজনদের সম্পৃক্ত করা এবং প্রাণিসম্পদ উন্নয়নে জনগণের অংশগ্রহণ বৃদ্ধি ও লক্ষ্যে ২০২৫ সালে নভেম্বর মাসের তৃতীয় সপ্তাহে “ জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫ ” উত্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে। প্রাণিসম্পদ সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালা অনুসরণপূর্বক ৫(পাঁচ) টি ক্ষেত্রে প্রাণিসম্পদ পদক প্রদান করা হবে। ক্ষেত্রসমূহ হলঃ


- ক. গবাদি পশুর খামার (গরু, মহিষ, ছাগল, ভেড়া ও অন্যান্য);
- খ. পোন্ধি খামার (হাঁস, মুরগি, কবুতর, কোয়েল, টার্কি ও অন্যান্য);
- গ. প্রাণী ও প্রাণিজাত পণ্য উৎপাদন (মাংস, দুধ, ডিম) প্রক্রিয়াকরণ, বাজারজাতকরণ ও রপ্তানি;
- ঘ. প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনায় ব্যক্তি/প্রতিষ্ঠান/ অ্যাসোসিয়েশন/ সমবায় সমিতি/ গণমাধ্যম/ এনজিও/প্রাণিসম্পদ সংক্রান্ত সমাজভিত্তিক সংগঠনের অবদান/ সমগ্র কর্মজীবনের অবদান;
- ঙ. প্রান্তিক চাষী/নারী ও অনগ্রসর খামারীদের প্রাণিসম্পদ উন্নয়নে অবদান।

অগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান নির্ধারিত ফর্মে আগামী ২৩ শে অক্টোবর, ২০২৫ খ্রি: জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর বরাবর মনোনয়ন ফরম জমা প্রদান করবেন। উল্লেখিত সময়ের মধ্যে পদক সংক্রান্ত আবেদন ফরম সংগ্রহ ও বিস্তারিত তথ্যেও জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল বদরগঞ্জ, রংপুরে যোগাযোগের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়াও এ সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইট www.dls.gov.bd এ পাওয়া যাবে।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো-

- ১। জেলা প্রাণিসম্পদ অফিসার, রংপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
- ৩। চেয়ারম্যান(সকল), ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
- ৪। অফিস কপি।


(ডাঃ স্বপন চন্দ্র সরকার)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
বদরগঞ্জ, রংপুর।


www.dls.badargonj.gov.bd
মোবাইল নং-০১৩২৪২৮৯১৮২